

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৯৬

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৌলিক দু'আসমূহ

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ مِنْ دُعَاءِ دَاؤُدَ يَقُولُ: «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ حُبَّكَ وَحُبَّ مَنْ يُحِبُّكَ وَالْعَمَلَ الَّذِي يُبَلِّغُنِي حُبَّكَ اللَّهُمَّ اجْعَلْ حُبَّكَ أَللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ حُبَّكَ اللَّهُ صَلَّى أَحَبَّ إِلَيَّ مِنْ نَفْسِي وَمَالِي وَأَهْلِي وَمِنَ الْمَاءِ الْبَارِدِ» . قَالَ: وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى أَحَبَّ إِلَيَّ مِنْ نَفْسِي وَمَالِي وَأَهْلِي وَمِنَ الْمَاءِ الْبَارِدِ» . قَالَ: وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا ذَكَرَ دَاؤُدَ يُحَدِّثُ عَنْهُ يَقُولُ: «كَانَ أَعْبَدَ الْبَشَرِ» رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

বাংলা

২৪৯৬-[১৫] আবূ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দাউদ (আঃ)-এর দ'আ ছিল এটা, তিনি (সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম) বলতেন,

''আল্ল-হুম্মা ইন্নী আস্আলুকা হুব্বাকা ওয়াহুব্বা মান্ ইউহিব্বুকা ওয়াল 'আমলাল্লাযী ইউবাল্লিগুনী হুব্বাকা, আল্ল-হুম্মাজ্'আল হুব্বাকা আহাব্বা ইলাইয়া মিনু নাফসী ওয়ামা- লী ওয়া আহলী ওয়ামিনাল মা-য়িল বা-রিদ''

(অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে তোমার ভালোবাসা প্রত্যাশা করি, আর যে তোমাকে ভালোবাসে, তার ভালোবাসা চাই এবং আমি ঐ কাজের শক্তি চাই, যে শক্তি আমাকে তোমার ভালোবাসার দিকে নিয়ে যাবে। হে আল্লাহ! তোমার ভালোবাসাকে আমার কাছে আমার জীবন, আমার ধন-সম্পদ, আমার পরিবার-পরিজন ও ঠাণ্ডা পানির চেয়েও বেশি পছন্দনীয় করে তোলো।)

বর্ণনাকারী [আবূ দারদা (রাঃ)] বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন দাউদ (আঃ)-কে স্মরণ করতেন, তাঁর ঘটনা বর্ণনা করতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, দাউদ (আঃ) তাঁর যুগের সর্বাধিক 'ইবাদাতগুজার ছিলেন। (তিরমিয়ী; তিনি বলেন, হাদীসটি হাসান গরীব)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ৩৪৯০, রিয়াযুস্ সলিহীন ১৪৯৮, য'ঈফাহ্ ১১২৫, য'ঈফ আল জামি' ৪১৫৩। কেননা এর



সানাদে 'আবদুল্লাহ ইবনু রবী'আহ্ আদ্ দিমাশকী একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী (রহঃ) বলেন, দাউদ (আঃ) তার সমসাময়িক যুগের মানুষদের মধ্যে সর্বাধিক 'ইবাদাতকারী ব্যক্তি ছিলেন। তবে কারী বলেন, তিনি শুধু তার যুগেরই নন বরং সকল যুগের সর্বাধিক 'ইবাদাতকারী ব্যক্তি ছিলেন। তবে কারো কারো মতে, তিনি সর্বাধিক কৃতজ্ঞতা জ্ঞাপনকারী ব্যক্তি ছিলেন।

। عُملُوا آلَ دَاؤُوْدَ شُكْرًا

"হে দাউদ পরিবার! কৃতজ্ঞতার সঙ্গে তোমরা কাজ করতে থাকো"- (সূরা সাবা ৩৪ : ১৩)। অর্থাৎ- আমার কৃতজ্ঞতা জ্ঞাপনে চূড়ান্ত স্তরে পৌঁছ এবং এ ক্ষেত্রে তোমার সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখো।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন